দৈনিক
জনকণ্ঠ

তারিখ ... 2·6 ... পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৪ ...

# প্রাক স্কুল শিক্ষার্থীদের শুরু হলো ব্রিটিশ কাউন্সিলের ইংরেজী শিক্ষা কর্মসূচী

স্টাফ রিপোর্টার ॥ প্রাক স্কুল শিক্ষার্থীদের জন্য বাংলাদেশে ইংরেজী শিক্ষাবিষয়ক কর্মসূচী 'লার্নিং টাইম উইথ শন এ্যান্ড টিমি'র শুরু করল ব্রিটিশ কাউন্সিল। মঙ্গলবার ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে অবস্থিত কাউন্সিলের নিজস্ব কার্যালয়ে এ কর্মসূচীর উদ্বোধন করা হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ব্রিটিশ কাউন্সিলের প্রধান নির্বাহী কিরণ ডিভেইন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শিল্পী মুস্তফা মনোয়ার। উদ্বোধনী অনুষ্ঠানে তানিয়া মনসুর, ইয়ং লার্নার কো-অর্ডিনেটর, ব্রিটিশ কাউন্সিল ১২ জন শিশুকে নিয়ে একটি ডেমো লেসন প্রদর্শন করেন। এরপর মুস্তফা মনোয়ার শিশুদের জন্য পাপেট শো প্রদর্শন করেন।

ব্রিটিশ কাউন্সিলের অভিনব ইংরেজী ভাষা শিক্ষা কর্মসূচী এবং ব্রিটেনের অস্কারজয়ী আর্ডমান এ্যানিমেশনের সমন্বয়ে 'লার্নিং টাইম উইথ শন এ্যান্ড টিমি' ৪ থেকে ৬ বছর বয়সী শিশুদের উপযোগী অত্যন্ত ও আকর্ষণীয় ইংরেজী শিক্ষা কর্মসূচী। এ কর্মসূচী বিশ্বজুড়ে শিশুদের আনন্দের মাধ্যম ও উৎসাহী হয়ে শিক্ষাগ্রহণের সুযোগ সৃষ্টি করবে বলে বলছেন এর উদ্যোক্তরা।

লন্ডন থেকে একটি প্রতিনিধি দলসহ বাংলাদেশে এসেছেন ব্রিটিশ কাউন্সিলের প্রধান নির্বাহী কিরণ ডিভেইন। এ কর্মসূচী নিয়ে তিনি বলেন, শিশুদের অল্প বয়সে ইংরেজী শিক্ষা তাদের স্কুলজীবন এবং স্কুল পরবর্তী ভবিষ্যৎ জীবনের জন্য প্রস্তুত করে তোলে। ৪ থেকে ৬ বছর বয়সী বাচ্চাদের কাছে তাদের পছন্দের শন এ্যান্ড টিমি টাইমের চরিত্র ও গল্পের মাধ্যমে আমাদের ইংরেজী শিক্ষা পৌঁছে দিতে আমরা অস্কার বিজয়ী আর্ডম্যানের সঙ্গে কাজ করছি।

টিচিং সেন্টার ম্যানেজার জেমি মান বলেন, ব্রিটিশ কাউন্সিলের প্রত্যাশা শিশুদের জন্য খেলারছলে এমনভাবে ইংরেজী শেখানোর শুরু করা যা তাদের শিখতে উৎসাহিত করবে এবং এতে করে তারা বুঝতেও পারবে না তারা কিছু শিখছে। যতো অল্পবয়সে শিখবে, ততো সহজে তারা এ ভাষা রপ্ত করতে পারবে। ব্রিটিশ কাউন্সিল জানিয়েছে, আগামী ১২ আগস্ট থেকে কাউন্সিলের ফুলার রোড, গুলশান ও উত্তরা টিচিং সেন্টারে সপ্তাহে শুক্র ও শনিবার এ কর্মসূচীর ক্লাসগুলো অনুষ্ঠিত হবে।

কর্মসূচীতে শিক্ষকরা গল্প, গান, অভিনব 'টিমি টাইম' ভিডিওসহ অন্যান্য কৌশলের মাধ্যমে শিশুদের ইংরেজী ভাষার সহস্রাধিক শব্দ ও বাক্য শিখতে সহায়তা করবেন। কর্মসূচীর প্রতিটি ক্লাসেই সর্বোচ্চ ১২ জন শিক্ষার্থী থাকবে, যাতে শিক্ষার্থীরা তাদের শিক্ষকদের কাছ থেকে প্রয়োজনীয় মনোযোগ পায়। শিশুদের উন্নয়ন ও প্রয়োজন অনুযায়ী শিক্ষকরা শিক্ষাদানের ক্ষেত্রে তাদের নিজস্ব পদ্ধতির পরিকল্পনা করবেন এবং তারা নিয়মিত ভিত্তিতে শিশুদের উন্নয়ন নিয়ে তাদের বাবা-মাকে জানাবেন পাশাপাশি, বাবা-মায়েরা বাসায় তাদের শিশুকে কিভাবে শিক্ষা দিবে এ সম্পর্কেও জানাবে।

ইংরেজী ভাষা শিক্ষাদান, শেখা ও মূল্যায়নের ক্ষেত্রে ব্রিটিশ কাউন্সিল অন্যতম প্রতিষ্ঠান। সারাবিশ্বেই ব্রিটিশ কাউন্সিলের উচ্চমানসম্পন্ন ইংরেজী ভাষা শিক্ষাদান ও শেখানোর সুযোগের ক্ষেত্রে বিখ্যাত। প্রতিষ্ঠানটি ৫০টির বেশি দেশে ৮০টির বেশি টিচিং সেন্টার ও পার্টনার প্রিমেসিসের মাধ্যমে ইংরেজী শিক্ষাদান কার্যক্রম চালিয়ে আসছে।

## অতিরিক্ত চাঁদার সিদ্ধান্ত প্রত্যাহার দাবিতে শিক্ষকদের মানববন্ধন

বেসরকারী শিক্ষক-কর্মচারীদের অবসর-কল্যাণ ফান্ডে অতিরিক্ত চাঁদা কাটার সিদ্ধান্ত স্থগিত নয়, প্রত্যাহারের দাবিতে মানববন্ধন করেছে বাংলাদেশ শিক্ষক সমিতি। মঙ্গলবার জাতীয় প্রেস ক্লাবের সামনে এই মানববন্ধন কর্মসূচী পালিত হয়।

মানববন্ধনে শিক্ষক সমিতির সভাপতি অধ্যক্ষ এম এ আউয়াল সিদ্দিকী বলেন, বেসরকারী শিক্ষক-কর্মচারীদের অতিরিক্ত সুযোগ-সুবিধা না দিয়ে অতিরিক্ত চাঁদা কাটার সিদ্ধান্ত অবিলম্বে প্রত্যাহার করতে হবে। এছাড়া অবসর-কল্যাণ ফান্ডের ঘাটতি পূরণে জাতীয় বাজেটে অর্থ বরাদ্দেরও দাবি জানান তিনি।

এছাড়াও মানববন্ধনে শিক্ষাব্যবস্থা জাতীয়করণসহ' সরকারী বিধি মোতাবেক স্বীকৃতিপাপ্ত সকল বেসরকারী শিক্ষাপ্রতিষ্ঠানের এমপিওভুক্তি, ৫ শতাংশ বার্ষিক প্রবৃদ্ধি, বৈশাখী ভাতা, চিকিৎসা ভাতা, বাড়ি ভাড়া, পূর্ণাঙ্গ উৎসব ভাতা, পেনশন, আগের মতো টাইম স্কেল প্রদান ও টাইম স্কেল প্রাপ্তির পর বিএড ডিগ্রী গ্রহণকারী শিক্ষকদের উচ্চতর বেতন স্কেল প্রদানের দাবি জানান শিক্ষক নেতারা।

মানববন্ধনে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন সমিতির সাধারণ সম্পাদক বিলকিস জামান, সহ-সভাপতি অধ্যক্ষ সমরেন্দ্র নাথ রায়, মোঃ আবদুল খালেক, মোঃ আবদুল মজিদ, মোঃ শামসুল হুদা প্রামাণিক, আলহাজ মোঃ ছফি উল্যা খান, হাসিনা পারভীন, সুনীল চন্দ্র পাল, মোঃ আলহাজ এস এস আবু বকর, মোঃ শাহে আলম, মোঃ জহীর উদ্দিন বাবর, অধ্যাপক মধুসূদন বাগচী, পারভীন জামান, শাহীদা বেগম প্রমুখ।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.................................
তারিখ.................................
সিনিয়র সিস্টেম এনালিষ্ট
প্রশাসনিক কর্মকর্তা
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর